

## নবী-রসূলগণের দা'ওয়াতের পদ্ধতি

বিভাগ/অধ্যায়ঃ দা'ওয়াত ও তাবলীগ রচয়িতা/সঙ্কলকঃ আবু আহমাদ সাইফুদ্দীন বেলাল

সর্বপ্রথম আকীদা সংশোধন রাষ্ট্র প্রতিষ্ঠা বা অন্য কিছু নয় কেন?

আকীদার বিপর্যয় বড় কঠিন ও জটিল এবং বেশি বিপজ্জনক। আচ্ছা যদি একজন মানুষের সামনে একটি বিষাক্ত সাপ ও একটি পিঁপড়া থাকে, তবে কার থেকে আগে নিজেকে বাঁচবার চেষ্টা করবে? সাপ না পিঁপড়া থেকে? যদি তার সামনে একটি নেকড়ে বাঘ আর একটি ইঁদুরের দল হয়, তবে কোনটিকে প্রথমে প্রতিহত করবে? নেকড়ে না ইঁদুরের দল কে? যদি তার সামনে দু'টি রাস্তা হয় যার একটিতে আগ্নেয়গিরি আর অপরটি ভয়ঙ্কর তাহলে কোনটি রাস্তা দিয়ে সে পথ অতিক্রম করবে?

প্রতিটি নবী-রসুলকে আল্লাহ বাশীর তথা জান্নাতের সুসংবাদদাতা এবং নাযীর তথা জাহান্নাম থেকে ভয় প্রদর্শক হিসেবে প্রেরণ করেন। আর এর সম্পর্ক সরাসরী তাওহীদ ও শিরকের সঙ্গে।

হুকুমাত তথা রাষ্ট্র প্রতিষ্ঠার ব্যাপারে প্রতিটি গোষ্ঠী, দুনিয়াদার, পদ ও গদির আকাঙ্খী, বিভিন্ন উদ্দেশ্য ও বিষয়ের এবং প্রবৃত্তির অনুসরণকারীরা অংশগ্রহণ করে। কিন্তু নবী- রসূলগণ ও তাঁদের অনুসারীরা এসব দুনিয়াবী উদ্দেশ্য থেকে সম্পূর্ণ মুক্ত। একমাত্র মুখলিস এবং ঈমান ও তাওহীদ পন্থিরাই তাঁদের অনুসরণ করেন। যারা আল্লাহ ও তাঁর রসূলকে ভালবাসেন এবং তাদের প্রতিপালকের শাস্তিকে ভয় করেন।

নেতৃত্ব ও রাজত্বের মাঝে রয়েছে যুদ্ধ-বিগ্রহ, টানা-হেঁচড়া ও বিরোধিতা। এর দ্বারা শুরু হলে কোনভাবে শক্ত ভিত্তিস্থাপন করাই সম্ভব হবে না।

শয়তানের তিনটি লোভনীয় টোপ যা দ্বারা সে আদম সন্ত নিকে শিকার করে; সম্পদের লোভ, নারীর লোভ এবং নেতৃত্বের লোভ। নবী ্ষ্পুর্ভ্জি বলেছেন:

إِنَّا وَاللَّهِ لَا نُولِّي عَلَى هَذَا الْعَمَلِ أَحَدًا سَأَلَهُ وَلَا أَحَدًا حَرَصَ عَلَيْهِ. متفق عليه

"যারা নেতৃত্ব চায় এবং লোভ করে আমি তাদেরকে দায়িত্বভার দান করি না।"

তিনি ৠৣ আরো বলেছেন:

لَا تَسْأَلِ الْإِمَارَةَ فَإِنَّكَ إِنْ أُوتِيتَهَا عَنْ مَسْأَلَةٍ وُكِلْتَ إِلَيْهَا وَإِنْ أُوتِيتَهَا مِنْ غَيْرِ مَسْأَلَةٍ أُعِنْتَ عَلَيْهَا. متفق عليه "তুমি এমারত (দায়িত্ব) চাইবে না; কারণ যদি চাওয়ার পরে তোমাকে এমারত দেওয়া হয়, তাহলে তার উপরেই তোমাকে ছেড়ে দেওয়া হবে সাহায্য করা হবে না। আর নিজে না চেয়ে যদি তোমাকে এমারতী (দায়িত্বভার দেওয়া হয়, তাহলে তাতে তোমাকে (আল্লাহর পক্ষ থেকে) সাহায্য করা হবে।" [বুখারী ও মুসলিম]

Source — https://www.hadithbd.com/books/link/?id=15130



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন